



নিশ্চিন্তপুর ডিগ্রি কলেজ

মতলব উত্তর, চাঁদপুর।

College Website: <https://www.nischintapurcollege.edu.bd>

Email: nischintapurcollege2015@gmail.com

শিক্ষাবর্ষঃ ২০২৬-২০২৭

EIIN- 138006

একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি (বাংলা ভাষনে)

“নিশ্চিন্তপুর ডিগ্রি কলেজ” মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এর অধিভুক্ত চাঁদপুর জেলার মতলব উত্তর উপজেলার একটি স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠান। শিক্ষাপ্রতিষ্ঠানটি ১৯৯৫ইং সালে প্রতিষ্ঠার পর থেকে ছাত্র-ছাত্রীদের সুশিক্ষার মাধ্যমে আদর্শ মানুষ গড়ার কারিগর হিসেবে দেশে ও বিদেশে সুখ্যাতি অর্জন করে চলেছে। অত্র কলেজে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বাংলা ভাষনে সীমিত সংখ্যক আসনে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য আবেদন আহ্বান করা হচ্ছে।

১। আবেদনের ন্যূনতম যোগ্যতা ও আসন সংখ্যাঃ

শাখা	ন্যূনতম যোগ্যতা (SSC GPA)	আসন সংখ্যা
বিজ্ঞান	১.৫০	১৫০
মানবিক	১.৫০	২৫০
ব্যবসায় শিক্ষা	১.৫০	২৫০

কলেজের বৈশিষ্ট্য

- অভিজ্ঞ ও দক্ষ শিক্ষকমণ্ডলী দ্বারা পাঠদান।
- ছাত্র ও ছাত্রী উভয়ের সমন্বয়ে শ্রেণিকক্ষ বিন্যাস।
- নিয়মিত CT ও Quiz পরীক্ষার মাধ্যমে শিখনফল যাচাই।
- ডিজিটাল সাউন্ড সিস্টেম, মাল্টিমিডিয়া ক্লাসরুম ব্যবস্থা।
- দুর্বল ও অমনোযোগী শিক্ষার্থীদের শনাক্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- শৃঙ্খলা ও নৈতিক শিক্ষার মাধ্যমে আদর্শ মানুষ গঠনে সর্বদা সচেষ্ট।
- সমৃদ্ধ লাইব্রেরী ও সুবিশাল কলেজ প্রাঙ্গন।
- খেলাধুলার মাধ্যমে শারীরিক ও মানসিক বিকাশ গঠানো।
- বায়োমেট্রিক হাজিরা ব্যবস্থা ও সিসি ক্যামেরা দ্বারা মনিটরিং।

২। পাঠ্য বিষয়সমূহঃ

আবশ্যিক বিষয়সমূহ	বিভাগভিত্তিক বিষয়সমূহ		
	বিজ্ঞান	মানবিক	ব্যবসায় শিক্ষা
বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, উচ্চতর গণিত	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, পৌরনীতি ও সুশাসন, সমাজকর্ম, অর্থনীতি, কৃষিশিক্ষা	হিসাববিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, ফিন্যান্স ব্যাংকিং ও বিমা, অর্থনীতি, কৃষিশিক্ষা

৩। যারা আবেদন করতে পারবেঃ যেকোনো শিক্ষাবোর্ড হতে ২০২৬, ২০২৫ বা ২০২৪ সালে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীবৃন্দ।

৪। ভর্তিচ্ছুকদের <https://xiclassadmission.gov.bd> লিংকের মাধ্যমে শিক্ষা বোর্ডে আবেদন করতে হবে।

৫। অনলাইনে ভর্তি আবেদনের সময়সীমাঃ ২ সেপ্টেম্বর ২০২৬ইং হতে আগামী ১০ সেপ্টেম্বর ২০২৬ইং পর্যন্ত।

৬। ভর্তিচ্ছুকদের আবেদনের পছন্দ তালিকায় (EIIN: 138006) নিশ্চিন্তপুর ডিগ্রি কলেজকে ০১ (এক) নম্বরে রাখতে হবে।

৭। আবেদনের ভিত্তিতে আগামী ১৭ সেপ্টেম্বর ২০২৬ইং তারিখে রাত ৮টায় ভর্তির অনলাইন আবেদনের ফলাফল প্রকাশিত হবে।

৮। নিশ্চায়ন সময়সীমাঃ নির্বাচিত শিক্ষার্থীদের ফলাফল প্রকাশের পর হতে আগামী ১৯ সেপ্টেম্বর ২০২৬ইং রাত ৮টার পূর্বে নিশ্চায়ন ফি দিয়ে অনলাইনে ভর্তি নিশ্চিত করতে হবে। নিশ্চায়ন না করলে ভর্তি আবেদনটি সম্পূর্ণ বাতিল হয়ে যাবে।

৯। নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের কলেজে চূড়ান্ত ভর্তি কার্যক্রম চলবে ২০ সেপ্টেম্বর ২০২৬ইং হতে ২২ সেপ্টেম্বর ২০২৬ইং পর্যন্ত।

১০। কলেজের “ভর্তি হেল্পডেস্ক” হতে শুধুমাত্র বোর্ড ফি পরিশোধ করে অনলাইনে ভর্তি আবেদন করার সু-ব্যবস্থা রয়েছে।

১১। একাদশ শ্রেণিতে ক্লাস শুরু হবেঃ ২৩ সেপ্টেম্বর ২০২৬ইং।

অনলাইন আবেদনে যা যা লাগবে	কলেজে চূড়ান্ত ভর্তিতে যা যা লাগবে
১) এসএসসি এডমিট কার্ড ফটোকপি।	১) অনলাইন ভর্তির নিশ্চায়ন কপি।
২) সচল মোবাইল নম্বর (আবেদনের সময় মোবাইল সাথে আনতে হবে)।	২) এসএসসি মূল মার্কশীট।
৩) অনলাইন আবেদন ফি।	৩) এসএসসি মূল প্রশংসাপত্র।
৪) নিশ্চায়ন ফি (নির্বাচিত হলে)।	৪) অনলাইন জন্মসনদ ফটোকপি।
	৫) পিতা/মাতা/অভিভাবকের NID কপি।
	৬) সদ্য তোলা রঙিন ছবি - ৩ কপি।

অধ্যক্ষ

নিশ্চিন্তপুর ডিগ্রি কলেজ
মতলব উত্তর, চাঁদপুর